# এসএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## অর্থনীতি
### সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

বিষয় কোড : | ১ | ৪ | ১ |

পূর্ণমান— ৭০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

**১.▶** 'A' একটি দেশ যেখানে সম্পদের মালিকানা বিদ্যমান। শাহান গত পাঁচ বছর ধরে 'A' দেশে বসবাস করছে। সে একটি নিজস্ব ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা করে। জিনিসপত্র উৎপাদন ও বিক্রি করে মুনাফা অর্জন করে। মুনাফার সাহায্যে সে নিজের ইচ্ছামতো দ্রব্যসামগ্রী ক্রয় করতে পারে।

ক. অর্থনৈতিক কার্যাবলি কী? ১

খ. অর্থনৈতিক ব্যবস্থা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে যে অর্থব্যবস্থা সম্পর্কে বলা হয়েছে, সে অর্থব্যবস্থার সুবিধাসমূহ লেখ। ৩

ঘ. উদ্দীপকে আলোচিত অর্থব্যবস্থার বৈশিষ্ট্যসমূহ উল্লেখ কর। ৪

**২.▶** আশিকের কমলা খাওয়ার ইচ্ছা হলে সে প্রথমে ৩০ টাকা দিয়ে একটি কমলালেবু ক্রয় করে। পরবর্তীতে সে ২৫ টাকা দিয়ে আরও একটি কমলালেবু ক্রয় করে, এভাবে পর্যায়ক্রমে সে ২০ টাকা, ১৫ টাকা ও ১০ টাকা দিয়ে যথাক্রমে ৩য়, ৪র্থ ও ৫ম কমলালেবু ক্রয় করে। ১ম কমলালেবুটি খাওয়ার পর তার উপযোগ কিছুটা কমে গিয়েছিল।

ক. অর্থনীতিতে ভোগ বলতে কী বোঝ? ১

খ. মোট উপযোগ ও প্রান্তিক উপযোগের মধ্যে ২টি পার্থক্য লিখ। ২

গ. আশিকের আচরণের মধ্যদিয়ে অর্থনীতির যে গুরুত্বপূর্ণ বিধিটি প্রকাশিত হয়েছে তা রেখাচিত্রের সাহায্যে ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বিধিটি যে শর্তগুলো মেনে চলে তা বিশ্লেষণ কর। ৪

**৩.▶** বাংলাদেশের সর্বত্র বিভিন্ন প্রজাতির পশুপাখি দেখা যায়। এদের মধ্যে রয়েছে গৃহপালিত পশুপাখি যেমন- গরু, ছাগল, ভেড়া, মহিষ, হাঁস-মুরগি ইত্যাদি। সুন্দরবন ও পার্বত্য চট্টগ্রামের বনাঞ্চলে বাঘ, হাতি, হরিণ, প্রভৃতি জীবজন্তু ও অসংখ্য প্রজাতির পাখি রয়েছে। এ দেশের নদ-নদী, বিল, হাওর, পুকুর ইত্যাদি জলাশয় এবং বঙ্গোপসাগরের বিভিন্ন রকম মাছ পাওয়া যায়।

ক. অবস্তুগত সম্পদ কী? ১

খ. আর্থিক আয় কাকে বলে? ২

গ. উদ্দীপকে যে সম্পদের কথা বলা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. জাতীয় আয়ে উক্ত সম্পদের অবদান বিশ্লেষণ কর। ৪

**৪.▶** 'ক' দ্রব্যটির উৎপাদন ও যোগান নিয়ন্ত্রণকারী বিক্রেতা মাত্র একজন। বিক্রেতা হয় মূল্য অথবা যোগান নিয়ন্ত্রণ করে; একসঙ্গে দুটি নিয়ন্ত্রণ করতে পারে না। 'খ' এমন একটি দ্রব্য যা সমজাতীয় অথবা পৃথকীকরণ করা যায়।

ক. অর্থবাজার কী? ১

খ. ফার্ম ও শিল্প বলতে কী বোঝ? ২

গ. 'ক' দ্রব্যটি কোন বাজারের পণ্য? এর বৈশিষ্ট্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'খ' দ্রব্যটির বাজারের সাথে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারের পণ্যের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

teachingbd.com

৫.▶ একটি দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জীবনযাত্রার মানের প্রধান সূচক হলো মাথাপিছু জিডিপি। কোনো দেশ উন্নত নাকি অনুন্নত বা উন্নয়নশীল তা নির্ণয় করার জন্য মাথাপিছু জিডিপি বিবেচনা করা হয়। এই সূচক একটি নির্দিষ্ট স্তরের বেশি হয় তবে বুঝতে হবে দেশটি উন্নত আর যদি তা থেকে কম হয় তবে বুঝতে হবে দেশটি অনুন্নত বা উন্নয়নশীল।


ক. মাথাপিছু জিডিপি কী? ১

খ. জাতীয় আয় পরিমাপের ব্যয় পদ্ধতি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত এই প্রধান সূচকের নির্ধারকসমূহ আলোচনা কর। ৩

ঘ. এ প্রধান সূচক গণনার ক্ষেত্রে কোন উপাদানসমূহ কখনো অন্তর্ভুক্ত করা হয় না? উপস্থাপন কর। ৪

৬.▶





ক. বিহিত অর্থ কী? ১

খ. ব্যাংক হিসাব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত অর্থের প্রধান ও প্রথম দুটি কাজের প্রকৃতি ব্যাখ্যা কর। ৩

ঘ. পাঠ্যপুস্তকের আলোকে অর্থের অন্যান্য গুরুত্বপূর্ণ বিবরণ দাও। ৪

৭.▶




মানচিত্র

ক. সেবা কাকে বলে? ১

খ. ক্ষুদ্র শিল্পের ভিত্তি কৃষি— ব্যাখ্যা কর। ২

গ. EPZ কর্তৃপক্ষে 'A' স্থানকে গুরুত্বপূর্ণ বিবেচনা করার কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের GDP-তে 'A' স্থানে প্রতিষ্ঠিত শিল্পের অবদান মূল্যায়ন কর। ৪

Teachingbd.com

৮.▶ রাজীব কলেজের ছাত্র। সে বই পড়ে দেশের প্রবৃদ্ধি ও উন্নয়ন সম্পর্কে ধারণা পেয়েছে। সে জানে সমগ্র খাতের প্রবৃদ্ধির মাধ্যমেই অর্থনৈতিক উন্নয়ন সাধিত হয়। তার ছোট বোন এসএসসি পরীক্ষার্থী দীপিকাকেও সে বিষয়টি বুঝিয়ে দিয়েছে।

ক. অর্থনীতির তিনটি গুরুত্বপূর্ণ খাতের নাম লিখ। ১
খ. উন্নয়নশীল দেশসমূহের কয়েকটি বৈশিষ্ট্য লিখ। ২
গ. উদ্দীপকে যে বিষয়টি ফুটে উঠেছে সে সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. 'অর্থনৈতিক উন্নয়ন অনুন্নত বা উন্নয়নশীল দেশের সমস্যা, পক্ষান্তরে প্রবৃদ্ধি হলো উন্নত দেশের সমস্যা'— উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯.▶ সবুজের মামা আমেরিকায় বসবাস করেন। তার চাকরি একটি হাসপাতালে। তিনি প্রতিসপ্তাহে বেতন পান। বেতন বিল থেকে বিভিন্ন প্রকার কর কেটে নেয়া হয়। অপরদিকে সরকার থেকে তিনি ও তাঁর পরিবার শিক্ষা, চিকিৎসা ও অন্যান্য সামাজিক সুবিধা পান। সরকার অর্থনীতির অনেক খাতে ব্যয় করে। কিন্তু আমেরিকার তুলনায় আমাদের দেশে এসব ব্যয় কম হয়ে থাকে।

ক. বাংলাদেশে কোন মাস থেকে আর্থিক বছর শুরু হয়? ১
খ. বাংলাদেশে সরকারের ব্যয়ের ৬টি খাতের নাম উল্লেখ কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত দেশটির ব্যয়ের খাতটি কেমন? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রেক্ষিতে বাংলাদেশের ব্যয়ের খাতগুলো বিশ্লেষণ কর। ৪

১০.▶ সুজাতা গহনা বিক্রির জন্য শহরে একটি দোকান গেল। স্বর্ণের দাম বেশি পাওয়ার আশায় বেশ কয়েকটি দোকানে যাচাই করল। সব দোকানেই স্বর্ণের বিক্রয় মূল্য একই এবং ক্রয় মূল্যও একই। বিক্রেতা অনেক থাকলেও ক্রেতাও অনেক রয়েছে। সে অনেক দোকানে যাচাই করে তার গহনাটি বিক্রি করল।

ক. একচেটিয়া বাজারে বিক্রেতা কতজন থাকে? ১
খ. কেন একচেটিয়া কারবারি দাম নিয়ন্ত্রণ করতে পারে? ২
গ. উদ্দীপকের বাজারটি সম্পর্কে ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বাজারটি ক্রেতার পক্ষে কীরূপ? বিশ্লেষণ কর। ৪

১১.▶ জনাব শামীম একজন দক্ষ উদ্যোক্তা। তিনি নতুন নতুন দ্রব্য উৎপাদনের পদক্ষেপ গ্রহণ করেন। তার উৎপাদিত পণ্যের চাহিদা প্রচুর। তিনি মেধা ও চিন্তাশক্তিকে কাজে লাগিয়ে শিল্প প্রতিষ্ঠান তৈরি করেছেন। উৎপাদন প্রক্রিয়ায় অধ্যাপক মার্শাল উদ্যোক্তাকে 'শিল্পাধিনায়ক' বলেছেন। এক্ষেত্রে জনাব শামীম 'শিল্পাধিনায়ক' হিসেবে কাজ করছেন।

ক. উদ্যোক্তা কী? ১
খ. সংগঠন বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. অধ্যাপক মার্শালের 'শিল্পাধিনায়ক' এর সাথে জনাব শামীমের কী কী সাদৃশ্য রয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উৎপাদন প্রক্রিয়ায় জনাব শামীমের ভূমিকা বিশ্লেষণ কর। ৪

http://teachingbd.com

# বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট　　　　পূর্ণমান — ৩০　　　　বিষয় কোড : | ১ | ৪ | ১ |

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি কালো বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. রাষ্ট্রের ক্ষমতা বৃদ্ধির জন্য পূর্বে ইংল্যান্ড কী করত?
ⓚ অধিক উৎপাদন করত
ⓚh অধিক আমদানি করত
ⓖ অধিক রপ্তানি করত
ⓖh আমদানির চেয়ে রপ্তানি কম করত

২. নিচের কোন দেশে মিশ্র অর্থব্যবস্থা চালু রয়েছে?
ক জাপান　　খ কানাডা
গ আমেরিকা　　ঘ বাংলাদেশ

৩. স্মিথ প্রদত্ত অর্থনীতির সংজ্ঞা নিচের কোনটিকে কেন্দ্র করে দেওয়া হয়েছে?
ক সম্পদ　　খ পুঁজি
গ বাজার　　ঘ শ্রমিক

৪. যদি তুমি ৪টি চকলেট খাও, তাহলে অর্থনীতিতে ৪নং চকলেট হলো—
ক সর্বশেষ চকলেট　　খ মোট চকলেট
গ গড় চকলেট　　ঘ প্রান্তিক চকলেট


৫. মূল্যস্ফীতি কী?
ক যোগান স্তর বৃদ্ধি　　খ চাহিদা স্তর হ্রাস
গ মূল্যস্তর হ্রাস　　ঘ মূল্যস্তর বৃদ্ধি

৬. বাংলাদেশের কোথায় পেট্রোলিয়ামের সন্ধান পাওয়া গেছে?
ক রংপুর　　খ হরিপুর
গ জয়নগর　　ঘ কৈলাস টিলায়

৭. বাংলাদেশে চাষযোগ্য কৃষি জমির পরিমাণ কতটুকু?
ক ২ কোটি ১২ লক্ষ একর
খ ২ কোটি ১৭ লক্ষ একর
গ ২ কোটি ৩২ লক্ষ একর
ঘ ২ কোটি ৪২ লক্ষ একর

৮. বাংলাদেশের খনিজ সম্পদ হলো—
i. চুনাপাথর　　ii. প্রাকৃতিক গ্যাস
iii. সোনা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii　　খ i ও iii
গ ii ও iii　　ঘ i, ii ও iii

নিচের চিত্রটি পর্যবেক্ষণ করে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:





৯. Q, R, S বিন্দু যোগ করে আমরা কী পাই?
ক উৎপাদন রেখা　　খ চাহিদা রেখা
গ যোগান রেখা　　ঘ উপযোগ রেখা

১০. চিত্রে P ও Q-এর মধ্যে কোন ধরনের সম্পর্ক?
ক সমমুখী　　খ বিপরীতমুখী
গ ঊর্ধ্বমুখী　　ঘ নিম্নমুখী

১১. নার্সের সেবা কোন ধরনের উপযোগ?
ক স্থানগত　　খ সেবাগত
গ রূপগত　　ঘ সময়গত

১২. সংগঠনের ক্ষেত্রে কে যোগ্যতা অনুযায়ী কাজ ভাগ করে দেন?
ক বিক্রেতা　　খ ভূমির মালিক
গ উৎপাদক　　ঘ সংগঠক

নিচের চিত্রটি দেখে ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও:




১৩. চিত্রে E বিন্দুতে—
i. AP > MP
ii. MP > AR
iii. MP = AP
নিচের কোনটি সঠিক?
ক i　　খ ii
গ iii　　ঘ i ও iii

Teachingbd.com

১৪. **MP যখন বাড়ে তখন AP —**

ক) বাড়তে থাকে খ) কমতে থাকে
গ) সমান থাকে ঘ) স্থির থাকে

১৫. **কোন বাজারে ঋণ লেনদেন হয়?**

ক) শ্রম বাজারে খ) অর্থ বাজারে
গ) উপকরণ বাজারে ঘ) মূলধন বাজারে

১৬. **অপূর্ণ প্রতিযোগিতামূলক বাজার কত প্রকার?**

ক) ৫ প্রকার খ) ৬ প্রকার
গ) ৮ প্রকার ঘ) ৯ প্রকার

১৭. **একচেটিয়া বাজারের মূল লক্ষ্য হলো—**

ক) সর্বোচ্চ উৎপাদন খ) সর্বোচ্চ বিক্রয়
গ) সর্বোচ্চ পুঁজি ঘ) সর্বোচ্চ মুনাফা

১৮. **কোন বাজারে অল্প সময়ে যোগানের পরিবর্তন করা যায় না?**

ক) স্বল্পকালীন খ) অতি স্বল্পকালীন
গ) দীর্ঘকালীন ঘ) অতি দীর্ঘকালীন

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও:**

আওসাফ বাংলাদেশের নাগরিক। লেখাপড়া শেষে সে কানাডায় চলে যায়। কানাডা হতে চাকরি করে প্রচুর বৈদেশিক মুদ্রা বাংলাদেশে পাঠায়।

১৯. **আওসাফের পাঠানো অর্থ নিচের কোনটির সাথে সম্পৃক্ত?**

ক) GNI খ) GDP
গ) CCA ঘ) NNP

২০. **আওসাফের পাঠানো অর্থ বাংলাদেশের—**

i. GNI বৃদ্ধি করবে
ii. GDP বৃদ্ধি করবে
iii. মাথাপিছু আয় বৃদ্ধি করবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i খ) i ও ii
গ) ii ও iii ঘ) i ও iii

২১. **সরকারি আইন দ্বারা প্রচলিত অর্থকে কী বলে?**

ক) বন্ড খ) শেয়ার
গ) বিহিত অর্থ ঘ) ব্যাংক হিসাব

২২. **বাংলাদেশের কৃষকরা কত টাকা জমা দিয়ে ব্যাংক হিসাব খুলতে পারে?**

ক) ১০ খ) ২০
গ) ৩০ ঘ) ৫০

২৩. **ঋণের স্বল্পতার জন্য কী হয়?**

ক) মুদ্রাস্ফীতি খ) মুদ্রাসংকোচন
গ) মুদ্রা মান বৃদ্ধি ঘ) মুদ্রা পরিবর্ধন

২৪. **বিনিময় প্রথার অসুবিধা হলো—**

i. অভাবের অমিল
ii. দ্রব্য বিভাজনে অসুবিধা
iii. চাহিদার মিল

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৫. **শিল্পনীতি ২০১০ এর উদ্দেশ্য কী?**

i. দারিদ্র্য দূরীকরণ
ii. ক্ষুদ্র শিল্পের প্রসার
iii. কর্মসংস্থান সৃষ্টি

**নিচের কোনটি সঠিক?**

ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

২৬. **বারুদ তৈরিতে নিচের কোনটি ব্যবহার হয়?**

ক) গন্ধক খ) সিলিকা
গ) চীনামাটি ঘ) চুনাপাথর

২৭. **SSS কত সালে আত্মপ্রকাশ করে?**

ক) ১৯৮০ সালে খ) ১৯৮২ সালে
গ) ১৯৮৪ সালে ঘ) ১৯৮৬ সালে

২৮. **২০১০-২০১১ অর্থবছরে অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য মাসিক ভাতা কত টাকা?**

ক) ১০০ টাকা খ) ২০০ টাকা
গ) ৩০০ টাকা ঘ) ৪০০ টাকা

২৯. **সরকার জনগণের নিকট থেকে বাধ্যতামূলকভাবে যে অর্থ আদায় করে তাকে কী বলা হয়?**

ক) ফি খ) কর
গ) শুল্ক ঘ) জরিমানা

৩০. **নিচের অ-উন্নয়ন বাজেটের ব্যয়ের খাত?**

ক) ডাক খ) লেভি
গ) স্ট্যাম্প ঘ) প্রতিরক্ষা

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ঘ | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | খ | ১০ | খ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | গ | ২২ | ক | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | গ | ২৯ | খ | ৩০ | ঘ |